কালের কণ্ঠ

তারিখ ০৫ OCT 2017
পৃষ্ঠা ২ কলাম ৬

ঢাকা বিশ্ববিদ্যালয়

# সাদেকা হালিমকে ডিনের দায়িত্বের বৈধতা চ্যালেঞ্জ

**নিজস্ব প্রতিবেদক ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাদেকা হালিমকে সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন হিসেবে দায়িত্ব দেওয়ার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট হয়েছে। সাবেক ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়া গতকাল বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিট আবেদন দাখিল করেন।

সাবেক তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিমকে গত ২৭ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের নতুন ভারপ্রাপ্ত ডিন হিসেবে দায়িত্ব দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়। নতুন ডিন নির্বাচনের আগ পর্যন্ত (অনধিক তিন মাস) এ দায়িত্ব পালন করবেন ড. সাদেকা হালিম।

গত ৩০ জুন থেকে ছুটিতে যান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। গত ২ জুলাই থেকে ভারপ্রাপ্ত ডিন হিসেবে দায়িত্ব পালন করেন বিশ্ববিদ্যালয়ের টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূঁইয়া।